

টিসিআই-এর আর্থিক হিসেব পেশ

নিজস্ব সংবাদদাতা : ভারতের অগ্রণী ইন্টিগ্রেটেড সাপ্লাই চেইন ও লজিস্টিক্স সলিউশন, টিসিআই (ট্রান্সপোর্ট কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেড) চলতি আর্থিক বছরে ৩১ ডিসেম্বর শেষ হওয়া তৃতীয় কোয়ার্টারের আর্থিক হিসেব পেশ করল। এই সংস্থা আয়ের ক্ষেত্রে বৃদ্ধি ঘটিয়েছে ৬.২ শতাংশ। প্যাট (প্রফিট আফটার ট্যাক্স)এর ক্ষেত্রে ৯৪ শতাংশ বৃদ্ধি হয়েছে। এবারে প্যাট ৭৮ কোটি টাকা, এর আগের অর্থবর্ষে প্যাট ছিল ৪০ কোটি টাকা। এই আর্থিক হিসেব প্রকাশ করতে গিয়ে সংস্থার ম্যানেজিং ডিরেক্টর বিনীত আগরওয়াল বলেন, চলতি আর্থিক বছরের তৃতীয় কোয়ার্টার এবং গত ৯ মাস আমাদের কাছে উৎসাহব্যঞ্জক ছিল। সংস্থার এই আর্থিক ফল দেশের ইতিবাচক ব্যবসার সঙ্গে সঙ্গতিপূর্ণ হয়েছে বলে জানান তিনি। বলেন, এই সংস্থা মাল্টি-মোডাল লজিস্টিক্স লাভের অগ্রগতি বজায় রেখে উপকূলীয় শিপিং ব্যবসায় অসাধারণ পারফর্ম করেছে।